

💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪১২৮

२४/ ि किक़िन कता (کتاب الترجل)

পরিচ্ছেদঃ ৭. পুরুষদের জাফরান রং ব্যাবহার সম্পর্কে।

باب فِي الْخَلُوقِ لِلرِّجَالِ

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا حَمَّادٌ، أَخْبَرَنَا عَطَاءٌ الْخُرَاسَانِيُّ، عَنْ يَحْيَى بْنِ يَعْمَرَ، عَنْ عَمَّارِ بْنِ يَاسِرٍ، قَالَ قَدِمْتُ عَلَى أَهْلِي لَيْلاً وَقَدْ تَشَقَقَتْ يَدَاى فَخَلَّقُونِي بِزَعْفَرَانٍ عَنْ عَلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَسَلَّمْتُ عَلَيْهِ فَلَمْ يَرُدَّ عَلَى وَلَمْ يُرَحِّبْ بِي فَقَالَ انْهَبْ فَاغْسِلْ هَذَا عَنْكَ ". فَذَهَبْتُ فَعَسَلْتُهُ ثُمَّ جِئْتُ وَقَدْ بَقِي عَلَى مِنْهُ رَدْعٌ فَسَلَّمْتُ فَلَامْ يَرُدَّ عَلَى وَلَمْ يُرَحِّبْ بِي وَقَالَ " انْهَبْ فَاغْسِلْ هَذَا عَنْكَ ". فَذَهَبْتُ فَغَسَلْتُهُ ثُمَّ جِئْتُ فَلَمْ يَرُدَّ عَلَى وَلَمْ يُرَحِّبْ بِي وَقَالَ " انْهَبْ فَاغْسِلْ هَذَا عَنْكَ ". فَذَهَبْتُ فَغَسَلْتُهُ ثُمَّ جِئْتُ فَلَا يَرُدَّ عَلَى وَلَمْ يُرَحِّبْ بِي وَقَالَ " إِنَّ الْمَلاَئِكَةَ لاَ تَحْضُرُ جَنَازَةَ الْكَافِرِ بِخَيْرٍ وَلاَ فَسَلَّمْتُ عَلَيْهِ فَرَدَّ عَلَى وَرَحَّبَ بِي وَقَالَ " إِنَّ الْمَلاَئِكَةَ لاَ تَحْضُرُ جَنَازَةَ الْكَافِرِ بِخَيْرٍ وَلاَ الْمُتَضَمِّخَ بِالزَّعْفَرَانِ وَلاَ الْجُنُبَ ". قَالَ وَرَحَّصَ لِلْجُنُب إِذَا نَامَ أَوْ أَكَلَ أَوْ شَرِبَ أَنْ يَتُوضَاً أَ. يَتُوضَاً أَ.

বাংলা

8১২৮. মূসা ইব্ন ইসমাঈল (রহঃ) আম্মার ইব্ন ইয়াসির (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ এক রাতে দু'হাত ফাটা অবস্থায় আমি আমার পরিবারের কাছে হাযির হলে, তারা আমার দু'হাত জাফরান রঙের প্রলেপ লাগিয়ে দেয়। পরদিন সকালে আমি নবী রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উপস্থিত হয়ে তাঁকে সালাম করলে, তিনি আমার সালামের সালাম দেননি এবং মারহাবাও বলেননি বরং তিনি বলেনঃ তুমি ফিরে যাও এবং একে ধুয়ে ফেল। আমি তা ধুয়ে পুনারায় তাঁর নিকট হাযির হই, কিন্তু সে রঙের কিছু তখনও অবশিষ্ট ছিল।

এরপর আমি তাঁকে সালাম দিলে, তিনি আমার সালামের জবাব দেননি এবং মারহাবাও বলেননি। তিনি বলেনঃ তুমি ফিরে যাও এবং হাত থেকে এ রঙ ধুয়ে ফেল। আমি ফিরে গিয়ে তা ধুয়ে ফেলে আবার তার কাছে এসে তাঁকে সালাম করি। তখন তিনি আমার সালামের জবাব দেন এবং মারহাবা বলেন। তারপর তিনি বলেনঃ ফেরেশতারা কাফিরের জানাযায়, জাফরান রঙ ব্যবহারকারী ও অপবিত্র লোকদের নিকট আসে না। তবে তিনি নাপাক অবস্থায় উযু করার পর পানাহার করতে ও নিদ্রা যেতে অনুমতি দিয়েছেন।



English

Narrated Ammar ibn Yasir:

I came to my family at night (after a journey) with my hands chapped and they perfumed me with saffron. In the morning I went to the Prophet () and gave him a greeting, but he did not respond to me nor did he welcome me.

He said: Go away and wash this off yourself. I then went away and washed it off me. I came to him but there remained a spot of it on me. I give him a greeting, but he did not respond to me nor did he welcome me.

He said: Go away and wash it off yourself. I then went away and washed it off me. I then came and gave him a greeting.

He responded to me and welcomed me, saying: The angels do not attend the funeral of an unbeliever bringing good to it, nor a man who smears himself with saffron, nor a man who is sexually defiled. He said: He permitted the man who was sexually defiled to perform ablution when he slept, ate or drank.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আম্মার ইবনু ইয়াসির (রাঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=36234

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন